

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৫৫

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفيء) পরিচ্ছেদঃ ১৫৭. গনীমতের মাল হতে কিছু মাল রাস্লুল্লাহ (সা) নিজের জন্য বেছে নিতেন, সে সম্পর্কে।

باب فِي صنفايا رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنَ الأَمْوَالِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَة، وَأَحْمَدُ بْنُ عَبْدَة، _ الْمَعْنَى _ أَنَّ سُفْيَانَ بْنَ عُيَيْنَة، وَأَحْمَدُ بْنُ عَبْدَة، _ الْمَعْنَى _ أَنْ سُفْيَانَ بْنَ الْحَدَثَانِ، عَنْ عُمَرَ، أَخْبَرَهُمْ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ مَالِكِ بْنِ أَوْسِ بْنِ الْحَدَثَانِ، عَنْ عُمَرَ، قَالَ كَانَتْ أَمْوَالُ بَنِي النَّضِيرِ مِمَّا أَفَاءَ اللَّهُ عَلَى رَسُولِهِ مِمَّا لَمْ يُوجِفِ الْمُسْلِمُونَ عَلَيْهِ قَالَ كَانَتْ أَمْوَالُ بَنِي النَّصِيرِ مِمَّا أَفَاءَ اللَّهُ عَلَى رَسُولِهِ مِمَّا لَمْ يُوجِفِ الْمُسْلِمُونَ عَلَيْهِ بِخَيْلٍ وَلاَ رِكَابٍ كَانَتْ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم خَالِصًا يُنْفِقُ عَلَى أَهْلِ بَيْتِهِ _ بِخَيْلٍ وَلاَ رِكَابٍ كَانَتْ لِرَسُولِ اللّهِ صلى الله عليه وسلم خَالِصًا يُنْفِقُ عَلَى أَهْلِ بَيْتِهِ _ قَالَ ابْنُ عَبْدَة يُنْفِقُ عَلَى أَهْلِهِ قُوتَ سَنَةٍ _ فَمَا بَقِيَ جُعِلَ فِي الْكُرَاعِ وَعُدَّةً فِي سَبِيلِ اللّهِ عَنْ وَجُلَ فِي الْكُرَاعِ وَعُدَّةً فِي سَبِيلِ اللّهِ عَنْ وَجَلَ قَالَ ابْنُ عَبْدَة يُنْفِقُ عَلَى أَهْلِهِ قُوتَ سَنَةٍ _ فَمَا بَقِيَ جُعِلَ فِي الْكُرَاعِ وَعُدَّةً فِي سَبِيلِ اللّهِ عَنْ وَجَلَ قَالَ ابْنُ عَبْدَة فِي الْكُرَاعِ وَالسِّلاحِ .

বাংলা

২৯৫৫. উছমান ইবন আবী শায়বা ও আহমদ ইবন আবদা (রাঃ) উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ বন্
নযীর গোত্রের মালামাল ঐ ধন-সম্পদের অন্তর্ভুক্ত ছিল, যা আল্লাহ্ তাঁর রাসূলকে প্রদান করেছিলেন এবং ঐ
সম্পদ হাসিলের জন্য মুসলিমরা তাদের ঘোড়া ও উট পরিচালিত করেননি (অর্থাৎ বিনাযুদ্ধে ঐ মাল হস্তগত
হয়েছিল)। বস্তুত ঐ সমস্ত মালামাল রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য খাস ছিল। তিনি ঐ সম্পদ
নিজের পরিবার-পরিজনদের ভরণ-পোষণের জন্য ব্যয় করতেন।

রাবী ইবন আবদা বলেনঃ তিনি ঐ মাল হতে তার পরিবার-পরিজনদের জন্য এক বছরের খরচ নির্বাহ করতেন এবং অবশিষ্ট মাল আল্লাহ্র রাস্তায় যুদ্ধের জন্য ঘোড়া, উট ইত্যাদি পশু ক্রয়ের জন্য ব্যয় করতেন।

রাবী ইবন আবদা আরো বলেনঃ তিনি অবশিষ্ট মাল দিয়ে যুদ্ধের নিমিত্ত উট, ঘোড়া ইত্যাদি এবং যুদ্ধাস্ত্র ক্রয় করতেন।

English

Narrated 'Umar:



The properties of Banu al-Nadir were part of what Allah bestowed on His Apostle from what the Muslims has not ridden on horses or camels to get; so they belonged specially to the Messenger of Allah (ﷺ) who gave his family their annual contribution.

Ibn 'Abdah said: His family (ahlihi) and not the members of his houses (ahl baitihi); then applied what remained for horses and weapons in Allah's path.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন